

বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য রুশ বৃত্তি ঘোষণা

ନିଜସ୍ଵ ପ୍ରତିବେଦକ

১১ সেপ্টেম্বর ২০২৩ ০৮:১৭ এন্ডেম | আপডেট: ১১ সেপ্টেম্বর

২০২৩ ০৪:১৭ এপ্রিল

ବୁଦ୍ଧ ଦୟାରେଣ୍ଡିକ
ଆମାଦ୍ବନ୍ଧମ୍ଭୁ

advertisement..

২০২৪-২৫ শিক্ষাবর্ষে রাশিয়া সরকার বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য ব্যাচেলর, মাস্টার্স ও পিএইচডি কোর্সে বৃত্তি ঘোষণা করেছে, যা শুধু অনলাইনে আবেদন করতে হবে। রাশিয়ান হাউস ইন ঢাকার বিভাগীয় প্রধান (শিক্ষা) সৈয়দ বজ্জুল হাসান রাজীব এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনলাইনে [ঘঃপধঃরডহ-রহ-৪ংরধ.পড়স](http://বফ্পধঃরডহ-রহ-৪ংরধ.পড়স) এই ঠিকানায় আবেদন করা যাবে। সময়সীমা ১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে ৩১ অক্টোবর, ২০২৩ তারিখ পর্যন্ত। তবে আবেদন করার আগে সব শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশিট বা ট্রান্সক্রিপ্টের মূল এবং ফটোকপি অবশ্যই বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং পাসপোর্টের অবশ্যই ২০২৪ সালের সেপ্টেম্বর মাস থেকে পরবর্তী ১৮ মাসের বেশি মেয়াদ থাকতে হবে। অনলাইনে আবেদন সম্পন্ন হলে অনলাইন আবেদনের ক্ষিসহ সব শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত কপি, পাসপোর্টের ফটোকপি, চিকিৎসা সনদপত্র (হেপাটাইটিস এ বি সি, যক্ষমা এবং এইচআইভি অনুপস্থিতি রিপোর্ট), ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণে প্রার্থীর সম্মতিপত্র ও ১টি পাসপোর্ট সাইজের রঙিন ছবি রাশিয়ান হাউস ইন ঢাকার শিক্ষা বিভাগে জমা দিতে হবে।

বিকাল ৫টা পর্যন্ত।

রাশিয়ান হাউস ইন ঢাকা (সংস্কৃতি বিভাগ, রাশিয়ান দৃতাবাস) শিক্ষা বিভাগ থেকে রবি থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই আবেদনের নিয়মাবলি জানা যাবে।

বৃত্তির বিষয়ে বিস্তারিত জানতে রাশিয়ান হাউস ইন ঢাকায় ৪২, ভাষা সৈনিক এমএ মতিন সড়ক (সড়ক-৭), ধানমন্ডি আ/এ আগামী ১৩ সেপ্টেম্বর বিকাল ৪টায় ‘রাশিয়ায় উচ্চশিক্ষা’ বিষয়ক সেমিনারে অংশ নিতে পারবেন আগ্রহী শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।